ফাতওয়া নাম্বার: ১৫৫ প্রকাশকালঃ০৩-০৩-২০২১

ইসলামে সমকামিতার শাস্তি কি?

প্রশ্ন:

ইসলামে সমকামিতার শাস্তি কি?

প্রশ্নকারী- আব্দুল কাদের

উত্তর:

সমকামিতা হালাল মনে করলে কাফের হয়ে যাবে। আর যদি কেউ হারাম মনে করা সত্ত্বেও প্রবৃত্তির তাড়নায় এতে লিপ্ত হয়, তাহলে তার শাস্তি কী হবে, তা নিয়ে ওলামায়ে কেরামের মাঝে মতভেদ রয়েছে। কারো মতে এর একমাত্র শাস্তি রজম তথা প্রস্তরাঘাতে হত্যা। বিবাহিত হোক কিংবা অবিবাহিত; সর্বাবস্থায় তাকে পাথর ছুঁড়ে হত্যা করা হবে। যেমন আল্লাহ তাআলা কওমে লূতকে পাথরবৃষ্টি দিয়ে ধ্বংস করে দিয়েছিলেন। কারো মতে এর বিধান যিনা ও ব্যভিচারের অনুরূপ। বিবাহিত হলে রজম করে হত্যা করা হবে, অবিবাহিত হলে একশ দোররা মারা হবে। হানাফী মাযহাব মতে এর শাস্তি 'তাযীর' । অর্থাৎ কর্তৃপক্ষ যার জন্য যে শাস্তি যথোপযুক্ত ও দৃষ্টান্তমূলক মনে করবেন, তাকে তাই প্রদান করবেন, যাতে কেউ এ ধরনের ঘৃণ্য কাজের সাহস না করে। এমনকি কেউ যদি লঘু শাস্তিতে নিবৃত্ত না হয়, প্রয়োজন মনে করলে তাকে হত্যা করতে হবে। -ফাতহুল কাদির: ৫/২৬২-২৬৩; রদ্দুল মুহতার: ৪/২৭; আলমুগনি, ইবনে কুদামা: ৯/৬০-৬১

আরও জানতে ১১৭ নং ফতোয়াটি দেখুন। (সমকামীর ব্যাপারে ইসলামের বিধান কী?) লিংক-

https://fatwaa.org/২০২০/১০/২৭/১৮৭১/

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১০-০৭-১৪৪২ হি.

২৩-০২-২০২১ ইং